# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৯০৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৮৯৪]

১৯/ ক্ষমাপ্রার্থনামূলক নির্দেশাবলী (كتاب الاستغفار)

পরিচ্ছেদঃ ৩৭২ : আল্লাহ তা‘আলা মুমিনদের জন্য জান্নাতের মধ্যে যা প্রস্তুত রেখেছেন

(372) بَابُ بَيَانِ مَا أَعَدَّ اللهُ تَعَالٰى لِلْمُؤْمِنِيْنَ فِي الْجَنَّةِ

---

আরবী

وَعَنْ أَبِي سَعِيدٍ الخُدرِيِّ رضي الله عنه:أَنَّ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم قَالَ: «إنَّ اللهَ ـ عَزَّ وَجَلَّ ـ يَقُولُ لأَهْلِ الجَنَّةِ : يَا أَهْلَ الجَنَّةِ، فَيَقُولُونَ : لَبَّيكَ رَبَّنَا وَسَعْدَيْكَ، وَالخَيْرُ فِي يَديْكَ، فَيقُولُ : هَلْ رَضِيتُم ؟ فَيقُولُونَ : وَمَا لَنَا لاَ نَرْضَى يَا رَبَّنَا وَقَدْ أَعْطَيْتَنَا مَا لَمْ تُعْطِ أَحداً مِنْ خَلْقِكَ، فَيَقُولُ : أَلاَ أُعْطِيكُمْ أَفْضَلَ مِنْ ذَلِكَ ؟ فَيقُولُونَ : وَأَيُّ شَيءٍ أَفْضَلُ مِنْ ذَلِكَ ؟ فَيقُولُ : أُحِلُّ عَلَيكُمْ رِضْوَانِي فَلاَ أَسْخَطُ عَلَيْكُمْ بَعْدَهُ أَبداً» . متفق عليه

বাংলা

১৫/১৯০৩। আবূ সাঈদ খুদরী রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, ’’মহান প্রভু জান্নাতিদেরকে সম্বোধন করে বলবেন, ’হে জান্নাতের অধিবাসীগণ!’ তারা উত্তরে বলবে, ’হে আমাদের প্রতিপালক! আমরা হাযির আছি, যাবতীয় সুখ ও কল্যাণ তোমার হাতে আছে।’ তখন আল্লাহ তা’আলা বললেন, ’তোমরা কি সন্তুষ্ট হয়েছ?’ তারা বলবে, ’আমাদের কি হয়েছে যে, সন্তুষ্ট হব না? হে আমাদের প্রতিপালক! তুমি তো আমাদেরকে সেই জিনিস দান করেছ, যা তোমার কোন সৃষ্টিকে দান করনি।’ তখন তিনি বলবেন, ’এর চেয়েও উত্তম কিছু তোমাদেরকে দান করব না কি?’ তারা বলবে, ’এর চেয়েও উত্তম বস্তু আর কি হতে পারে?’ মহান প্রভু জবাবে বলবেন, ’তোমাদের উপর আমার সন্তুষ্টি অনিবার্য করব। অতঃপর আমি তোমাদের প্রতি কখনো অসন্তুষ্ট হব না।’’ (বুখারী-মুসলিম) [1]

## English

(372) Chapter: Some of the Bounties which Allah has prepared for the Believers in Paradise

Abu Sa'id Al-Khudri (May Allah be pleased with him) said:
The Messenger of Allah (ﷺ) said, "Allah, the Rubb of honour and glory, will

say to the inhabitants of Jannah: 'O inhabitants of Jannah!' They will respond: 'Here we are! At Your service, O our Rubb. All good is in Your Hand!' He will ask them: 'Are you pleased?' They will reply: 'Why should we not be pleased, O Rubb, when You have given us what You have not given to any of Your creatures?' Allah will say: 'Shall I not give you something better than that?' They will ask: 'O Rubb! What can be better than that?' Allah will say: 'I shall bestow My Pleasure upon you and I shall never be displeased with you."'

[Al-Bukhari and Muslim].

Commentary: The declaration about Allah being pleased with the dwellers of Jannah will certainly be the greatest of the boons and rewards of Jannah.

## ফুটনোট

[1] সহীহুল বুখারী ৬৫৪৯, ৭৫১৮, মুসলিম ১৮৩, ২৮২৯, তিরমিযী ২৫৫৪, আহমাদ ১১৪২৫

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবূ সা’ঈদ খুদরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=32737

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন